



শ্রেণি: অষ্টম
বিষয়: বাংলা ১ম পত্র
নারী

জ্ঞানমূলক প্রশ্ন:

১. কত বছর বয়সে কাজী নজরুল ইসলাম বাক্শাস্তি হারান?
২. ‘নারী’ কবিতাটি পাঠ করে শিক্ষার্থীরা কার প্রতি শ্রদ্ধাশীল হবে?
৩. ‘পীড়ন’ শব্দের অর্থ কী?
৪. নিজের তৈরী কারাগারে ভুগে মরবে কে?
৫. জগতের বড় বড় অভিযান কাদের ত্যাগে মহীয়ান হয়েছে?
৬. কবি কাজী নজরুলের চোখে পুরুষ-রমণীর ভেদাভেদ নেই কেন?
৭. নারীদের অবদান ইতিহাসে লেখা হয় নি কেন?
৮. ‘বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি’-কোন যুগকে ইঙ্গিত করা হয়েছে?
৯. ‘নারী’ কবিতার প্রতিপাদ্য বিষয় কী?
১০. চারদিকে নজরুলের সুনাম ছড়িয়ে পড়ে কেন?

সৃজনশীল প্রশ্ন:

জনৈক সমালোচকের মতে বিট্রিশ ভারতে বঙ্গীয় মুসলমান নারী সমাজ ছিল অঙ্গতা, কুসংস্কার ও ধর্মীয় বিধি-নিষেধের নিগড়ে আবদ্ধ। নিরক্ষতা, অশিক্ষা ও সামাজিক ভেদ-বুদ্ধিও ছিল তাদের জন্য নিয়তির মতো সত্য। অবরুদ্ধ জীবন-যাপনে অভ্যন্ত এক অসহায় জীবে তারা পরিণত হয়েছিলেন। এদেরকে আলোর জগতে আনার জন্য রোকেয়া সাখাওয়াত হোসেন আজীবন সংগ্রাম করে গেছেন। তাঁর বক্তব্য-‘আমরা সমাজেরই অর্ধাঙ্গ। আমরা পড়িয়া থাকিলে সমাজ উঠিবে কীভাবে? কোন এক পা বাঁধিয়া রাখিলে সে খোঁড়াইয়া কতদূর চলিবে? পুরুষের স্বার্থ এবং আমাদের স্বার্থ ভিন্ন নহে-একই।

- ক) ‘বিজয় লক্ষ্মী নারী’ অর্থ কী?
খ) ‘সাম্যের গান’ বলতে কবি কী বুঝিয়েছেন?
গ) জনৈক সমালোচকের মতটি ‘নারী’ কবিতার কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ) ‘বেগম রোকেয়ার বক্তব্য যেন কাজী নজরুল ইসলামের নারী কবিতারই প্রতিধ্বনি’-উক্তিটি মূল্যায়ন কর।